আগামী ৭ জুন আলোচিত রামিসা হত্যা মামলার রায়



সংগৃহীত ছবি

আলোচিত শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলার রায় আগামী ৭ জুন ঘোষণা করা হবে। অভিযোগ গঠনের মাত্র কয়েক দিনের মধ্যেই শুনানি শেষ করে এই দিন নির্ধারণ করেন আদালত। রাষ্ট্রপক্ষ আসামিদের সর্বোচ্চ শাস্তি হিসেবে মৃত্যুদণ্ডের দাবি জানিয়েছে।

বৃহস্পতিবার (৪ জুন) ঢাকা মহানগর শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন রায়ের তারিখ ঘোষণা করেন। একই দিন মামলার যুক্তিতর্ক পর্বও শেষ হয়।

সকালে শুরু হওয়া যুক্তিতর্কে রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষ উভয়েই নিজেদের অবস্থান তুলে ধরে। রাষ্ট্রপক্ষের আইনজীবীরা দাবি করেন, ১৬ জন সাক্ষীর জবানবন্দি ও প্রধান আসামি সোহেল রানার স্বীকারোক্তির ভিত্তিতে অপরাধ প্রমাণিত হয়েছে। তাই সর্বোচ্চ সাজা হিসেবে মৃত্যুদণ্ড প্রযোজ্য বলে তারা মত দেন।

অন্যদিকে রাষ্ট্রনিযুক্ত আসামিপক্ষের আইনজীবীরা বলেন, অভিযোগের প্রমাণ যথেষ্ট শক্ত নয়। তাদের দাবি, এই মামলায় সর্বোচ্চ সাজা নয়, বরং যাবজ্জীবন কারাদণ্ডই যথাযথ হবে।

এর আগে ১ জুন মামলার বিচার কার্যক্রম শুরু হয়। পরদিন ২ জুন নিহত রামিসার পরিবার, প্রত্যক্ষদর্শী, চিকিৎসক, পুলিশ ও তদন্ত কর্মকর্তাসহ মোট ১৬ জন সাক্ষ্য দেন। গতকাল আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুন আদালতে আত্মপক্ষ সমর্থন করেন।